75

দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 24. 1999

পৃষ্ঠা ৭ কলাম 2

## এবতেদায়ী মাদ্রাসাগুলোতেও বিনা মূল্যে বই বিতরণ করা হোক

শিক্ষাই জাতির মেরুদণ্ড। তাই কোন দেশে কোন মহল যদি শিক্ষাকে বৈষম্যের চোখে দেখে তাহলে সেই শিক্ষাকে আর জাতির মেরুদণ্ড বলা যায় না। আমাদের দেশে দু'রকম শিক্ষা পদ্ধতি চালু আছে। একটি মাদ্রাসা শিক্ষা অপরটি স্কুল শিক্ষা। দেশে সরকারী-বেসরকারী প্রাথমিক স্কুলগুলোতে বিনা মূল্যে বই বিতরণ করা হয় কিন্তু এবতেদায়ী মাদ্রাসাগুলোতে বিনা মূল্যে কোন বই বিতরণ করা হয় না। ফলে মাদ্রাসার চেয়ে প্রাথমিক স্কুলগুলোতে বিনা মূল্যে বই পাবার আশায় বেশী ভর্তি হয়। তাই বর্তমানে মাদ্রাসা শিক্ষাকে তুচ্ছ মনে না করে প্রাথমিক স্কুলগুলোর মত এবতেদায়ী মাদ্রাসাগুলোতেও বিনা মূল্যে বই বিতরণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সবিনয় অনুরোধ করছি।

—মোঃ আসলাম হোসাইন
প্রযত্নে- মোজাহিদ হোমিও হল, বকশীগঞ্জ- জামালপুর।